We are reimagining waste

CANTERBURY BANKSTOWN



আপনার বর্জ্য পরিষেবা পরিবর্তনের জন্য প্রস্তুত হোন।

প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নসমূহ (FAQs)

বর্জ্য সেবা পরিবর্তন একটি বড় কাজ যা কাউন্সিল খুব কমই হাতে নেয়, যদি না এটি একেবারে প্রয়োজন হয়। তবে এই পরিবর্তন CBCity -কে আপনার পাওয়া বর্জ্য সেবা ব্যবস্থা উন্নত করার একটি বিরাট সুযোগ দিচ্ছে। আমরা জানি যে পরিষেবা পরিবর্তন বিভ্রান্তি এবং বিরক্তির কারণ হতে পারে, কিন্তু আমরা এই পরিবর্তনকে সবার জন্য যতটা সম্ভব মসৃণ করতে কঠোর পরিশ্রম করছি।

পরিবর্তন সম্পর্কে

- আমাদের বর্জ্য পরিষেবায় কি পরিবর্তন ঘটছে?
- এই পরিবর্তনগুলো কেন হচ্ছে?

আপনার বিন সম্পর্কে

- আমি কি ২২-২৬ ফেব্রুয়ারির সপ্তাহে সংগ্রহের জন্য তিনটি বিন বের করতে পারি?
- আমার লাল বিন সংগ্রহের দিন কি বদলে যাচ্ছে?
- আমার পাক্ষিক হলুদ আর সবুজ বিন সংগ্রহের দিন (সাইকেল) কি বদলে যাচ্ছে?
- এমন কি হতে পারে যে আমার বিন সংগ্রহের দিন পরিবর্তন হচ্ছে না?
- আমার বিনগুলো কি এখনকার মতো একই সময়ে সংগ্রহ করা হবে?
- পার্কিং বিধিনিষেধ কি বদলে যাবে?
- যদি কেউ সাধারণত আমার বিন সংগ্রহে আমাকে সাহায্য করে তাহলে আমার কি করা উচিত?
- যদি আমি নতুন দিনে আমার বিন বের করতে ভুলে যাই?

ভারী বর্জ্য পরিষ্কার (Bulky Waste Clean Up) পরিষেবা সম্পর্কে

- ভারী বর্জ্য পরিষ্কার সেবার পরিবর্তনগুলো কি কি?
- আমি কিভাবে একটি ভারী বর্জ্য পরিষ্কারের জন্য বুকিং করতে পারি?

Welcome to the wasteless generation.

Find out everything you need to know...

We'll send info to you

Call 9707 9000

Visit cb.city/wasteless

Scan the QR Code

আরও তথ্যের জন্য

- কাউন্সিল কিভাবে এই পরিবর্তনের কথা জনসাধারণকে বলছে?
- আমি এই সম্পর্কে কোথায় আরো জানতে পারবো?

আপনার জন্য (এবং আমাদের জন্য) পরিবর্তন সহজ করতে সহায়তা করার জন্য FAQs -এর একটি তালিকা নিচে দেয়া হল

পরিবর্তন সম্পর্কে

আমাদের বর্জ্য পরিষেবায় কি পরিবর্তন ঘটছে?

আমরা যে সকল বর্জ্য সেবা প্রদান করি আগামী মাসগুলোতে তার অনেকগুলোতে পরিবর্তন আসবে।

পরিবর্তনগুলোর মধ্যে রয়েছে:

- বেশিরভাগ পরিবারের জন্য নতুন বিন সংগ্রহের দিন এবং সময়, উদাহরণস্বরূপ আপনার বিন সংগ্রহের দিন সোমবার থেকে বুধবারে পরিবর্তিত হতে পারে;
- অনেক পরিবারের জন্য নতুন পাক্ষিক হলুদ এবং সবুজ বিন সাইকেল;
- সাবেক ক্যান্টারবারী এলাকার কিছু ব্যবসার জন্য নতুন বিন সংগ্রহের দিন এবং সময়;
- কিছু রাস্তায় পার্কিং বিধিনিষেধ হালনাগাদ করা (নতুন বিন সংগ্রহের দিনের সাথে সামঞ্জস্য করতে);
- ছয় বা ততোধিক ইউনিটের এপার্টমেন্ট ব্লকের বাসিন্দাদের জন্য একটি ভারী বর্জ্য পরিষ্কারের বুকিং এর জন্য একটি নতুন প্রক্রিয়া;
- সাবেক ব্যাংকস্টাউন এলাকার পরিবারদের জন্য ভারী বর্জ্য সংগ্রহের আকার বৃদ্ধি (যার মানে সবাই একই সেবা পাবে)।

কেন এই পরিবর্তনগুলো ঘটছে?

এই পরিবর্তনগুলো প্রাক্তন ক্যান্টারবারী এবং ব্যাংকস্টাউন কাউন্সিল একত্রীকরণের পর বর্জ্য এবং রিসাইক্লিং(পুনর্ব্যবহারযোগ্য) পরিষেবার একত্রীকরণের চূড়ান্ত পর্যায়। এই পরিষেবাগুলো বৃহত্তর দক্ষতা, নির্ভরযোগ্যতা, জবাবদিহিতা এবং গ্রাহক সেবা প্রদানের জন্য সংযুক্ত করা হচ্ছে। আমরা নতুন প্রযুক্তিতে বিনিয়োগ করছি, সেবাগুলোকে সহজলভ্য করছি এবং একটি বর্জ্যহীন প্রজন্ম তৈরি করতে সবাইকে তাদের কাজ করতে উৎসাহিত করছি ।

নতুন সংযুক্ত সেবাগুলো ২০২১ সালের ১ মার্চ থেকে শুরু হবে।

আপনার বিন পরিষেবা সম্পর্কে


আমি কি ২২-২৬ ফেব্রুয়ারির সপ্তাহে সংগ্রহের জন্য তিনটি বিন বের করতে পারি?

হ্যাঁ! ২২-২৬ ফেব্রুয়ারি সপ্তাহের স্বাভাবিক দিনে আপনি তিনটি বিন বের করতে পারেন এবং আমরা সেগুলো খালি করবো। বিনের ভিতর আরও জিনিস রাখার জন্য আমরা আপনাকে আরেকটু বেশি সুযোগ দিচ্ছি যাতে করে আপনি পরবর্তী সপ্তাহগুলোতে যে কোন সংগ্রহ দিনের পরিবর্তনের জন্য প্রস্তুত হতে পারেন।

আমার লাল বিন সংগ্রহের দিন কি বদলে যাচ্ছে?

১-৫ই মার্চের সপ্তাহ থেকে বিন সংগ্রহের দিনগুলো বেশিরভাগ পরিবারের জন্যই বদলে যাবে, কিন্তু শহরের সকল পরিবারগুলোর জন্য নয়।

নতুন বিন সংগ্রহের দিন পাঁচটি কাউন্সিল ওয়ার্ডের উপর ভিত্তি করে তৈরি হয়েছে। নতুন বিন সংগ্রহের দিনগুলো দ্রুত দেখতে নিচের মানচিত্র এবং টেবিল দেখুন। মনে রাখবেন কয়েকটি সাবার্ব একটি প্রধান সড়ক দ্বারা বিভক্ত। এই এলাকাগুলোতে দুটি ভিন্ন সংগ্রহের দিন থাকতে পারে।




Still not sure? Visit our website to check your bin day: **cb.city/wasteless**



Collection Day	Ward	Suburbs
Monday	Bass Hill	Bass Hill, Birrong, Chester Hill, Condell Park, Georges Hall, Lansdowne, Potts Hill, Regents Park, Sefton, Villawood and Yagoona.
Tuesday	Roselands	Belmore, Beverly Hills, Kingsgrove, Lakemba, Narwee, Punchbowl, Riverwood, Roselands and Wiley Park.
Wednesday	Revesby	East Hills, Milperra, Padstow, Padstow Heights, Panania, Picnic Point, Revesby and Revesby Heights.
Thursday	Canterbury	Ashbury, Belfield, Campsie, Canterbury, Clemton Park, Croydon Park, Earlwood, Hurlstone Park and Kingsgrove.
Friday	Bankstown	Bankstown, Chullora, Condell Park, Greenacre, Mount Lewis, Punchbowl and Yagoona.

আপনার সেবা সম্পর্কে সুনির্দিষ্ট তথ্যের জন্য, আমাদের 'বিন ডে ফাইন্ডার' cb.city/BinDayFinder ওয়েবপেজে যান। আপনার নতুন লাল বিন সংগ্রহের দিন খুঁজতে আপনার ঠিকানা অনুসন্ধান বক্সে প্রবেশ করুন এবং দেখুন আপনার হলুদ/সবুজ বিন সাইকেলের পরিবর্তন হবে কিনা।

FEBRUARY
22-26



Put all three bins out on your normal collection day on the week commencing Monday 22 February. To ensure no one has overflowing bins, we will be doing a **special one-off collection** for all three bins on the week commencing Monday 22 February.

MARCH
1-5



Red bin days are changing for most households across the City from the week commencing Monday 1 March.

MARCH
1-12



New yellow and green bin days. They will be collected the same day as your red bin but the fortnightly cycle may change.

আমার পাক্ষিক হলুদ এবং সবুজ বিন সাইকেল কি পরিবর্তিত হচ্ছে?

আপনার হলুদ এবং সবুজ বিন এখনও পাক্ষিকভাবে সংগ্রহ করা হবে, এবং আপনার লাল বিনের মত সপ্তাহের একই দিনে সংগ্রহ করা হবে ।

যাইহোক, যে পাক্ষিক চক্রে তাদের সংগ্রহ করা হয় তা পরিবর্তিত হতে পারে। আপনি যদি কোন বাড়ি বা এপার্টমেন্ট ব্লকে থাকেন এবং সবুজ বিন থাকে তাহলে ১-৬ই মার্চের সপ্তাহের আগে - নতুন সাইকেলের প্রথম সপ্তাহে, আপনার হলুদ বা সবুজ বিন কোনটি লাল রঙের বিনের সাথে বাইরে যাবে তা জানার জন্য বিন ডে ফাইন্ডার cb.city/BinDayFinder দেখুন।

এই পরিবর্তন সম্পর্কে মিডিয়া এবং সোশ্যাল মিডিয়ার পাশাপাশি ফেব্রুয়ারিতে আসা একটি তথ্য পুস্তিকা এবং বিন স্টিকার সহ আরও তথ্যের জন্য নজর রাখুন।

এটা কি হতে পারে যে আমার বিন সংগ্রহের দিন পরিবর্তন হচ্ছে না?

হ্যাঁ, এটি সম্ভব আপনার বিন সংগ্রহের দিন একই থাকবে। এমনকি আপনার সপ্তাহের দিন যদি একই হয়, আপনাকে দেখতে হবে যে আপনার পাক্ষিক হলুদ এবং সবুজ বিন সংগ্রহের সাইকেলও একই কিনা। ১-৬ই মার্চের সপ্তাহের আগে Bin Day Finder (বিন ডে ফাইন্ডার) cb.city/BinDayFinder দেখুন।

আমার বিনগুলো কি এখনকার মতো একই সময়ে সংগ্রহ করা হবে?

নতুন রুট, ট্রাক এবং ড্রাইভারের পাশাপাশি, সংগ্রহের সময় অনেক পরিবারের জন্য পরিবর্তন হবে। তারা আগে হতে পারে, অথবা তারা পরে হতে পারে।

নিশ্চিত করুন যে আপনি আগের রাতে আপনার বিনগুলো বাইরে রেখেছেন, যাতে আমরা সেগুলো মিস না করি এবং মনে রাখবেন যে সেগুলো স্বাভাবিক সময়ের পরেও সংগ্রহ করা হতে পারে।

পার্কিং বিধিনিষেধ কি পরিবর্তন হবে?

বিন সংগ্রহের দিনগুলোর পরিবর্তন আপনার রাস্তায় বিদ্যমান পার্কিং বিধিনিষেধের উপর প্রভাব ফেলতে পারে। এই নতুন বিন সংগ্রহের দিন এবং পার্কিং বিধিনিষেধের সময় পরিবর্তনের ফলে বর্জ্য ট্রাক আপনার বিন নিরাপদে সংগ্রহ অব্যাহত রাখতে পারবে।

সাধারণত যদি কেউ আমার বিন সংগ্রহের ব্যাপারে আমাকে সাহায্য করে তাহলে আমার কি করা উচিত?

যদি কেউ আপনার বিন সংগ্রহের ব্যাপারে আপনাকে সাহায্য করে, তাহলে পরিবর্তন সম্পর্কে তাদের জানানো নিশ্চিত করুন। এই ওয়েবপেজটি তাদের সাথে শেয়ার করুন অথবা তাদের Bin Day Finder cb.city/BinDayFinder চেক করতে বলুন অথবা 9707 9000 নম্বরে আমাদের গ্রাহক সেবাতে কল করতে বলুন।

যদি আমি নতুন দিনে আমার বিন বের করতে ভুলে যাই?

উল্লেখিত কাজগুলো করে পরিবর্তনের জন্য প্রস্তুত হোন; Bin Day Finder চেক করা ; ২২-২৬ ফেব্রুয়ারির সপ্তাহে তিনটি বিন খালি করা; আপনার ফোনে একটি রিমাইন্ডার সেট করা; ফ্রিজে বর্জ্য ক্যালেন্ডার লাগানো; অথবা, আপনার প্রতিবেশীরা কি করছে নজর রাখা।

আপনি যদি আপনার বিন বের করতে ভুলে যান, আপনাকে নিরাপদে এবং পরিপাটি করে পরবর্তী সংগ্রহ পর্যন্ত আপনার বর্জ্য মজুদ করতে হবে। আপনি যদি আপনার প্রতিবেশীদের চেনেন, তাহলে আপনি তাদের বিনে কিছু জিনিস রাখার অনুমতি চাইতে পারেন।

ভারী বর্জ্য পরিষ্কার পরিষেবা সম্পর্কে

ভারী বর্জ্য পরিষ্কার সেবার পরিবর্তনগুলো কি কি?

১-৬ই মার্চের প্রথম সপ্তাহ থেকে ভারী বর্জ্য পরিষ্কার সেবায় বেশ কিছু পরিবর্তন আসবে। এই পরিবর্তনগুলো পরিকল্পনা করা হয়েছে: সমগ্র শহরের বাসিন্দাদের একটি ন্যায্য সেবা প্রদান; অপেক্ষার সময় কমানো; বুকিং সহজ করন; গ্রাহক সেবা উন্নত করা; এবং প্রকল্পের পরিবেশগত সুবিধা বৃদ্ধি করতে (উদাহরণস্বরূপ ফ্রিজ এবং এয়ার কন্ডিশনার আলাদা করা যাতে তাদের থেকে নিরাপদে গ্যাস বের করা যেতে পারে এবং একটি নির্ধারিত রিসাইকেলার দ্বারা ম্যাট্রেস (তোশক) তোলা যেতে পারে)।

অন্য দুটি গুরুত্বপূর্ণ পরিবর্তন হলো:

- সকল পরিবার প্রতিটি সংগ্রহের জন্য তিন বর্গ মিটার (৩ বর্গ মিটার) বর্জ্য রাখতে পারবে। এটি একটি এক মিটার উঁচু এবং তিন মিটার চওড়া স্তূপ এবং এতে করে অনেক পরিবারের জন্য এক বর্গ মিটার জায়গা বেশি পাবে।
- ছয় (৬) বা তার বেশী ইউনিটসহ এপার্টমেন্ট ব্লকের ক্ষেত্রে পুরো ভবনের পক্ষ থেকে একজন তত্ত্বাবধায়ক, বিল্ডিং ম্যানেজার বা স্ট্রাটা দ্বারা বুকিং করতে হবে। বুকিং করার জন্য স্বতন্ত্র বাসিন্দাদের তাদের বিল্ডিং ম্যানেজারের সাথে যোগাযোগ করতে হবে।

আমি কিভাবে একটি ভারী বর্জ্য পরিষ্কারের জন্য বুকিং করতে পারি?

আপনি যদি একটি বাড়ি, টাউনহাউস, ডুপ্লেক্স অথবা পাঁচটি (৫) বা তার কম ইউনিট আছে এমন একটি অ্যাপার্টমেন্ট বিল্ডিং-এ বাস করেন তাহলে আপনি প্রতি ক্যালেন্ডার বছরে দুটি (২) বুকিং করতে পারবেন। আপনি 9707 9000 নম্বরে গ্রাহক সেবাতে কল করতে পারেন অথবা cb.city/cleanup -এ গিয়ে আপনার জন্য উপযুক্ত সময় বেছে নিতে পারেন।

আপনি যদি ছয়টি (৬) বা তার বেশী ইউনিটসহ কোন এপার্টমেন্ট বিল্ডিং -এ বাস করেন, আপনাকে আপনার বিল্ডিং -এর তত্ত্বাবধায়ক, বিল্ডিং ম্যানেজার বা স্ট্রাটার সাথে যোগাযোগ করতে হবে যারা পুরো বিল্ডিং এর পক্ষ থেকে বুকিং দেবে। তারা সংগ্রহের তারিখ সমন্বয় করবে, আপনার জিনিসগুলো কোথায় রাখতে হবে এবং যে কোন সমস্যার ফলো আপের বিষয়ে আপনাকে জানাবে।

এপার্টমেন্ট ব্লকগুলো থেকে আসা বর্জ্যের পরিমাণ ভাগ করে দিতে এবং রাস্তায় ও কারপার্কে জায়গা বেশি লাগাতে, ৬-৫০টি ইউনিট বিশিষ্ট ভবনগুলো প্রতি বছর চারটি (৪) সংগ্রহের জন্য এবং ৫১টির বেশি ইউনিট বিশিষ্ট ভবনগুলো ছয়টি (৬) সংগ্রহের জন্য যোগ্য হবে।

কাউন্সিল কিভাবে এই পরিবর্তন সম্পর্কে জনসাধারণকে বলছে?

কাউন্সিল একটি বৃহৎ আকারের যোগাযোগ প্রচারাভিযানের উদ্যোগ নিয়েছে, যার উদ্দেশ্য হচ্ছে সকল বাসিন্দাদের এই পরিবর্তন সম্পর্কে সচেতন করা।

আমরা শহরের প্রতিটি পরিবারের কাছে চিঠি এবং তথ্য পাঠাচ্ছি এবং সেই সাথে স্ট্রাটা, বডি কর্পোরেট এবং ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের কাছে চিঠি এবং তথ্য পাঠাচ্ছি। আমারা বিনগুলোতে স্টিকার লাগাবো এবং মিডিয়া, সোশ্যাল মিডিয়া এবং শহরের কেন্দ্রগুলোতে পোস্টারের মাধ্যমে বিজ্ঞাপন দিবো। এছাড়াও আমাদের ওয়েবসাইটে এবং গ্রাহক সেবার মাধ্যমে তথ্য পাওয়া যাবে।

আমি কোথায় আরো জানতে পারবো?

আরও তথ্যের জন্য:

- জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে আপনার লেটার বক্সের দিকে নজর রাখুন;
- https://www.cbcity.nsw.gov.au/resident/waste-recycling/upcoming-changes-to-waste-services এই সাইটের Wasteless (বর্জ্যহীন) পৃষ্ঠাগুলো দেখুন;
- 9707 9000 নম্বরে গ্রাহক সেবায় কল করুন; বা
- আমাদের নিয়মিত ই-নিউজলেটারের জন্য সাইন আপ করুন https://www.cbcity.nsw.gov.au/online/Pages/Register-for-Waste-Updates.aspx.

আপনার বন্ধু, পরিবার এবং প্রতিবেশীদের সাথে আপডেটগুলো শেয়ার করুন যাতে তারা জানে যে পরিবর্তনগুলো আসছে।